

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৬/রে-

তারিখঃ

অফিস আদেশ

জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রবেশ পদ (প্রভাষক/লেকচারার) জাতীয় বেতনক্ষেত্র, ২০১৫ এর ৮ম ঘেড়ে বেতন নির্ধারণ করা হয়েছিল কিন্তু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ২০/০৮/২০১৬ তারিখের আদেশে পুনরায় পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রবেশ পদ (প্রভাষক/লেকচারার) জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৯ম ঘেড়ে ১ (এক) টি অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদানের বিষয়ে ১১/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত ফাইন্যাল কমিটি এবং ২৮/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সিডিকেট অধিবেশনের সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উদ্বৃত্ত করা হইলঃ

“ফ ১৬০৩০৩ নং প্রস্তাবের সিদ্ধান্ত : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ২০/০৮/২০১৬ তারিখের আদেশ এই বিশ্ববিদ্যালয়ে বাস্তবায়ন করা যাইতে পারে। তবে পে-কমিশন ২০১৫ এর ২৮(২) এ বর্ণিত পে-কমিশনের আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির সহিত সঙ্গতি সাপেক্ষে বলবৎ রাহিয়াছে বলে গণ্য হবে মর্মে বিধানের আলোকে স্মারক নং MF/FD(IMP)I/MNS-28(G)/85/29 তারিখ ৬-২-৮৬ এবং MF/FD(IMP-I)/MNS-17/85/94 তারিখ ৭-১২-১৯৮৬ এর নোটিফিকেশনের বর্ণিত সুবিধাদি বহাল রাখা যাইতে পারে। পরিশিষ্ট-২”

স্বাক্ষর/-

(প্রফেসর ডঃ এন. এম. গোলাম জাকারিয়া)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

ও

সিডিকেটের সেক্রেটারী

নং সংস্থা/ব-৬/রে- ২৭৩৮(৩০)

তারিখঃ ২৮/০৬/২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- ১। ভীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল অফিস/বিভাগ প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। কম্পট্রোলার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, বেতন শাখা, কম্পট্রোলার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। গার্ড ফাইল।

(মোঃ সোহেল রানা)
৮ ডেপুটি রেজিস্ট্রার

১) Please circulate to all
teachers via e-mail link
(২পাশে) subject : "Pay Scale for Lecturers"

সংস্থাপন শাখা-১

২) Info File

৩. Mr. Aziz (১)

৪. Mr. Munna (২)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/২০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০৫-আইন/২০১৬—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০১ গৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ন্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল,
যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৮) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৮) জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে—

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পদ (গ্রাম্যক/লেকচারার) এবং স্ব-শাসিত (Public Bodies) প্রতিষ্ঠানসমূহে ৯ম ছেড়ে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৯ম ছেড়ে একটি অতিরিক্ত অর্থম বেতন বৃদ্ধির সুবিধাসহ নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে $(22000+1100)=23100$ টাকা; এবং

(৫০২১)
মূল্য : টাকা ৮.০০

(খ) পদোন্নতির মাধ্যমে ৯ম গ্রেডে কর্মচারীগণের বেতন জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৯ম গ্রেডে নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে ২২০০০ টাকা।

ব্যাখ্যা।— উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত শিক্ষক ও কর্মচারীগণ উক্ত উপ-অনুচ্ছেদের বিধান অনুযায়ী চাকুরির প্রবেশ পথে এক বা একাধিক অধিগ্রহণ বেতন বৃদ্ধির সুবিধাসহ এই উপ-অনুচ্ছেদের দফা (ক) এ উল্লিখিত একটি অতিরিক্ত বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্ত হইবেন।”।

২। বিশেষ বিধান।—চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ন্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৪) এর দফা (ক) তে যাহা কিছুই থাকুক না কেন, এই আদেশ জারীর পূর্বে, ইতোমধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক জাতীয় বেতনক্ষেত্র, ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে বেতন নির্ধারণের পর যে ধাপে তাহার বেতন নির্ধারিত হইয়াছে পুনরায় উক্ত শিক্ষকের ৯ম গ্রেডে বেতন নির্ধারণের ক্ষেত্রে ইতোপূর্বে ৮ম গ্রেডে নির্ধারিত বেতন হইতে কম বেতন প্রাপ্ত হইবেন না; সেইক্ষেত্রে নতুন করিয়া ৯ম গ্রেডে বেতন নির্ধারণকালে তাহার বেতন ৯ম গ্রেডের সংশ্লিষ্ট ধাপের সমান হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে এবং যদি অনুরূপ ক্ষেত্রে (৯ম গ্রেডে) উক্ত অংকের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

৩। ইহা ১ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মমতাজ-আলা-শাকুর আহমেদ
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd